ভোরের কাগজ
DEC 10 2000
তারিখ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## সর্বসাধারণের জন্য কতিপয় জ্ঞাতব্য বিষয়

বিগত প্রায় এক সপ্তাহ যাবৎ রাজশাহী শিক্ষা বোর্ডে সৃষ্ট অপ্রীতিকর ঘটনাবলী সম্পর্কে জাতীয় ও স্থানীয় সংবাদপত্রসমূহে খবর প্রকাশিত হয়েছে। কিন্তু কিছু কিছু বিষয় সম্পর্কে পরিবেশিত তথ্য বোর্ডের প্রকৃত নিয়মনীতি ও অবস্থার সাথে সংগতিপূর্ণ না হওয়ায় জনমনে বিভ্রান্তি সৃষ্টি হওয়ার অবকাশ রয়েছে মর্মে কর্তৃপক্ষ মনে করেন। তাই সর্বস্তরের জনসাধারণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হলো।

(১) দেশের অন্যান্য শিক্ষা বোর্ডের ন্যায় রাজশাহী শিক্ষা বোর্ডও একটি পাবলিক প্রতিষ্ঠান। বোর্ড পরিচালনার জন্য ১৯৬১ সালের সরকার প্রণীত অর্ডিন্যান্স থাকলেও এর পাশাপাশি পরিপূরক উপাদান হিসেবে পাবলিক পরীক্ষা অনুষ্ঠান, বোর্ডের বাজেট অনুমোদন, অডিট, স্কুল ও কলেজের অনুমতি ও স্বীকৃতি প্রদান, কমিটি গঠন, বিষয় অনুমোদন এবং অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন সময়ে প্রয়োজন অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয় থেকে নীতিমালা ও নির্দেশ প্রদান করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় তথা সরকারের এসব নির্দেশনা অর্ডিন্যান্সের পাশাপাশি অনুসরণ করা হয়ে থাকে। সুতরাং শিক্ষা বোর্ড কেবলমাত্র ১৯৬১ সালের অর্ডিন্যান্স দ্বারা পরিচালিত হচ্ছে, সরকারের বিধিবিধান এক্ষেত্রে প্রযোজ্য নয়–এ কথা মোটেও ঠিক নয়।

(২) ১৯৭৫ সালে জাতীয় সংসদ কর্তৃক প্রণীত চাকুরীর শর্তাবলী ও বেতনাদি সম্পর্কিত বিধিমালা (যা ১৯৬১ সালের অর্ডিন্যান্সের সংশ্লিষ্ট ধারাকে বলবৎ রাখে না) অনুযায়ী জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির এক নির্দেশে শিক্ষা বোর্ডসমূহের কর্মকর্তা/কর্মচারীদের জন্য স্বাভাবিক বেতন-ভাতার অতিরিক্ত বিভিন্ন প্রকার সম্মানী, ভাতা ও পারিশ্রমিক প্রদান বন্ধ রাখা হয়েছে। এর প্রতিবাদে বোর্ডসমূহের কর্মচারী ফেডারেশনের উদ্যোগে ১৬/১০/২০০০ থেকে ০৪/১১/২০০০ মোট ২০ দিন পূর্ণাঙ্গ ধর্মঘট পালিত হয়। সংশ্লিষ্ট বিধি অনুযায়ী এই ধর্মঘট অযৌক্তিক ছিল। এ প্রেক্ষিতে বোর্ডসমূহে এ সময়ের বেতন প্রদান স্থগিত রাখার পক্ষে মত প্রকাশ করা হয়।

(৩) রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বিষয়টি সম্পর্কে কিছুটা শিথিল দৃষ্টিভঙ্গি গ্রহণ করে অসতর্কতাবশতঃ অক্টোবর, ২০০০ পূর্ণ মাসের বেতন প্রদান করেছেন। কিন্তু বিষয়টি পুনরায় বিবেচনা করে বোর্ড কর্তৃপক্ষ নভেম্বর, ২০০০ মাসের ৪ দিন বাদে বাকি ২৬ দিনের বেতন প্রদানের আদেশ প্রদান করেছেন। সুতরাং নভেম্বর, ২০০০ পূর্ণ মাসের বেতন আটকে রাখা হয়েছে এ তথ্যটি সঠিক নয়। তবে কয়েকদিন যাবৎ বেতন প্রদান বিষয়ে সৃষ্ট অপ্রীতিকর পরিস্থিতির কারণে বেতন বিল তৈরি করতে কিছুটা বিলম্ব হয়েছে।

(৪) বোর্ড পরিচালনার ক্ষেত্রে চাকুরী ও শৃঙ্খলা বিধিকে উপেক্ষা করে যখন তখন অযৌক্তিক অজুহাতে বোর্ড চেয়ারম্যানের উপর চড়াও হওয়া, তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করা, কক্ষ ভাংচুর-তছনছ করা, বোর্ডের গুরুত্বপূর্ণ কার্যক্রম ও পাবলিক পরীক্ষা (২০০১ সালের এসএসসি/এইচএসসি পরীক্ষা) সংক্রান্ত জনস্বার্থমূলক কাজে বাধা প্রদান করা ইত্যাদি অপকর্মে লিপ্ত হলে জনস্বার্থ সংরক্ষণ ও সরকারের ভাবমূর্তি রক্ষা তথা বোর্ডের বিধিবিধানকে কার্যকর রাখার স্বার্থে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ছাড়া আর কোন গত্যন্তর থাকে না। জনসাধারণ ও দেশের বৃহত্তর স্বার্থে বিষয়টি যুক্তি সহকারে অনুধাবন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হলো।

সমগ্র বিষয়টি সম্পর্কে সর্বস্তরের জনগণকে অবহিত করার জন্য দেশের সংবাদ মাধ্যমগুলোকে বিশেষভাবে অনুরোধ জানানো হচ্ছে। এ বিষয়ে সংবাদ মাধ্যমসমূহ যে সক্রিয় ও গঠনমূলক ভূমিকা পালন করেছেন সেজন্য রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ তাঁদেরকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জ্ঞাপন করছেন।

স্বাঃ/-
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

সিটি-৬৯১/২০০০ (৮"x৩)